

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩০৯

তারিখ: ৭ কার্তিক ১৪২৭
২৩ অক্টোবর ২০২০

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

আবহাওয়ার বিশেষ বিজ্ঞপ্তিঃ ক্রমিক নম্বর ০৬ (ছয়), তারিখ: ২৩.১০.২০২০

উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত নিম্নচাপটি আরোও উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে পশ্চিমবঙ্গ-বাংলাদেশ সীমান্তবর্তী এলাকার নিকট দিয়ে পশ্চিমবঙ্গ-খুলনা উপকূল অতিক্রম শুরু করে আজ (২৩ অক্টোবর, ২০২০) দুপুর ১২ টায় উপকূলীয় পশ্চিমবঙ্গ-খুলনা এলাকায় (২১.৭° উত্তর অক্ষাংশ এবং ৮৯.৪° পূর্ব দ্রাঘিমাংশ) অবস্থান করছে। এটি আরও উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে আজ (২৩ অক্টোবর ২০২০) সন্ধ্যা ০৬ টা নাগাদ উপকূল অতিক্রম সম্পন্ন করতে পারে।

নিম্নচাপ কেন্দ্রের ৪৪ কিঃ মিঃ এর মধ্যে বাতাসের একটানা সর্বোচ্চ গতিবেগ ঘন্টায় ৪০ কিঃ মিঃ যা দমকা অথবা ঝড়ো হাওয়ার আকারে ৫০ কিঃ মিঃ পর্যন্ত বৃদ্ধি পাচ্ছে। নিম্নচাপ কেন্দ্রের নিকটে সাগর উত্তাল রয়েছে।

চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে তিন নম্বর (পুনঃ) তিন নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

নিম্নচাপটির প্রভাবে উপকূলীয় জেলা সাতক্ষীরা, খুলনা, বাগেরহাট, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী ভোলা, বরিশাল, লক্ষীপুর, চাঁদপুর, নোয়াখালী, ফেনী ও চট্টগ্রাম এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহের নিম্নাঞ্চল স্বাভাবিক জোয়ারের চেয়ে ০৩-০৫ ফুট অধিক উচ্চতার বায়ুতাড়িত জলোচ্ছ্বাসে প্লাবিত হতে পারে।

নিম্নচাপটির প্রভাবে চট্টগ্রাম, খুলনা, বরিশাল, ঢাকা, সিলেট, ময়মনসিংহ, রংপুর ও রাজশাহী বিভাগের অনেক স্থানে ভারী থেকে অতিভারী বর্ষণ হতে পারে।

উত্তর বঙ্গোপসাগর ও গভীর সাগরে অবস্থানরত সকল মাছ ধরার নৌকা ও ট্রলারকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নিরাপদ আশ্রয়ে থাকতে বলা হয়েছে। সেই সাথে তাদেরকে গভীর সাগরে বিচরণ না করতে বলা হয়েছে।

২৩ অক্টোবর ২০২০ খ্রিঃ তারিখ দুপুর ০১ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

রাজশাহী, পাবনা, বগুড়া, ফরিদপুর, মাদারীপুর, ঢাকা, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালি, নোয়াখালি, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৬০-৮০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ২ নম্বর নৌ- হুশিয়ারী সংকেত (পুনঃ) ২ নম্বর নৌ- হুশিয়ারী সংকেত দেখাতে বলা হয়েছে।

২৩ অক্টোবর ২০২০ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

সিনপটিক অবস্থা: উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন পশ্চিম-মধ্য বঙ্গোপসাগরে অবস্থানরত গতকালের সুস্পষ্ট লঘুচাপটি উত্তরপশ্চিম দিকে সরে গিয়ে ও ঘণীভূত হয়ে প্রথমে নিম্নচাপ এবং পরবর্তীতে গভীর নিম্নচাপে পরিণত হয়ে বর্তমানে এটি নিম্নচাপরূপে আজ (সকাল ০৯ টায়) উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছিল। এটি আরও উত্তরপূর্ব দিকে সরে যেতে পারে। দক্ষিণ পশ্চিম মৌসুমি বায়ু বাংলাদেশের পশ্চিমাংশ থেকে বিদায় নিয়েছে এবং দেশের অবশিষ্টাংশ থেকে বিদায় নেয়ার অনুকূলে রয়েছে। মৌসুমী বায়ু উত্তর বঙ্গোপসাগরের অন্যত্র প্রবল অবস্থায় বিরাজ করছে।

পূর্বাভাস: ঢাকা, ময়মনসিংহ, রাজশাহী, রংপুর, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে দেশের কোথাও কোথাও ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

ভারী বর্ষণ সতর্কবানী: উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন পশ্চিম-মধ্য বঙ্গোপসাগর এলাকায় অবস্থানরত সুস্পষ্ট লঘুচাপের কারণে আজ (২২ অক্টোবর, ২০২০ ইং) সকাল ১০ টা থেকে পরবর্তী ৪৮ ঘন্টার মধ্যে রাজশাহী, রংপুর, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম, ময়মনসিংহ এবং সিলেট বিভাগের কোথাও কোথাও ভারী (৪৪-৮৮ মি.মি.) থেকে অতিভারী (৮৯ মি. মি.) বর্ষণ হতে পারে।

তাপমাত্রা: সারাদেশে দিনের ও রাতের তাপমাত্রা (২-৪) ডিগ্রী সে. হ্রাস পেতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): আবহাওয়ার উন্নতি হতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	২৯.০	২৭.০	৩০.৮	২৮.৩	৩৩.০	৩৪.৪	২৮.০	২৬.৭
সর্বনিম্ন তাপমাত্রা	২২.৫	২৩.৪	২২.৭	২২.৭	২৩.০	২২.৯	২২.২	২২.৫

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল দিনাজপুর ৩৪.৪° এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা কুমারখালী ২২.২° সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

এক নজরে নদ-নদীর পরিস্থিতি

- আপার মেঘনা এবং দক্ষিণ-পূর্বাঞ্চলের পাহাড়ি অববাহিকার নদীসমূহ ব্যতীত দেশের সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে।
- দেশের সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।

নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত)

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	১০১	গেজ পাঠ পাওয়া যায়নি	০০
বৃদ্ধি	৪৫	বিপদসীমার উপরে নদীর সংখ্যা	০০
হ্রাস	৫৫	বিপদসীমার উপরে স্টেশনের সংখ্যা	০০
অপরিবর্তিত	০১	-	-

(সূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, পাউবো)

বৃষ্টিপাতের তথ্য

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) : নেই।

স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)
বরগুনা	২৩৫.০	বরিশাল	২২০.০	লামা	১৭৫.০
পটুয়াখালী	১৫৪.০	নারায়ণহাট	১৪৮.০	কক্সবাজার	১১৯.০
চট্টগ্রাম	১০৮.০	বান্দরবান	১০৭.০	নোয়াখালী	১০৪.০
চাঁদপুর	১০৩.০	পাবনা	৮৫.০	রামগড়	৮৫.০

(সূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, পাউবো)

অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায় ২১ অক্টোবর, ২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ২২ অক্টোবর ২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ১১ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৪	০	০
২।	ময়মনসিংহ	১	২	০
৩।	বরিশাল	০	০	০
৪।	সিলেট	০	০	০
৫।	রাজশাহী	১	০	০
৬।	রংপুর	২	০	০
৭।	চট্টগ্রাম	০	০	০
৮।	খুলনা	৩	০	০
	মোট	১১	২	০

উল্লেখযোগ্য অগ্নিকান্ড (জেলাভিত্তিক তথ্য):

১। ময়মনসিংহঃ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার টেলিফানে জানান যে, গত ২১/১০/২০২০ তারিখ রাত ৮.২৩ ঘটিকায় ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলার পাঁচহিয়া এলাকায় একটি তুলার মিলে বৈদ্যুতিক গোলযোগে আগুন লাগে। খবর পেয়ে ফায়ার সার্ভিসের ০২ (দুই) টি ইউনিট দ্রুত ঘটনাস্থলে গিয়ে ২২/১০/২০২০ তারিখ মধ্যরাত ১.৩০ ঘটিকায় আগুন নিয়ন্ত্রণে আনে। অগ্নিকান্ডে ০২ (দুই) জন অগ্নিদগ্ধ হয়ে আহত হয়। আহতদের নাম ঠিকানা জানা যায়নি।

বজ্রপাতঃ

১। হবিগঞ্জঃ জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয়ের স্মারক নং-৫১.০১.৩৬০০.০২৬.২০.০০২.১৬.১৯৬; তারিখঃ ২২/১০/২০২০ খ্রিঃ এর মাধ্যমে জানিয়েছেন যে, বর্গিত জেলায় চুনাবাড়ি উপজেলায় বজ্রপাতে ০১ (এক) জন নিহত। নিহত ব্যক্তির তথ্য নিম্নরূপঃ

টেবিলঃ ক (নিহত ব্যক্তির তালিকা)

ক্রঃ নং	উপজেলার নাম	নিহত ব্যক্তির নাম, পিতার নাম ও ঠিকানা	ঘটনার তারিখ	কারণ	মন্তব্য
---------	-------------	---------------------------------------	-------------	------	---------

১	চুনায়খাট	নাম- মোঃ ছোরাব আলী (৮০), পিতা- মৃতঃ আতাব উল্লাহ, গ্রাম- লালচান্দ, ইউনিয়ন- ৫ নং শানখলা, উপজেলা- চুনায়খাট, জেলা- হবিগঞ্জ।	২১/১০/২০২০ খ্রিঃ	বাড়ির পার্শ্বে রাস্তায় বজ্রপাতে নিহত
---	-----------	---	---------------------	--

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কার্যক্রমঃ

সম্প্রতি পশ্চিম-মধ্য বঙ্গোপসাগরে ও তৎসংলগ্ন পূর্ব-মধ্য বঙ্গোপসাগরে ও তৎসংলগ্ন পূর্ব-মধ্য বঙ্গোপসাগর এলাকায় অবস্থানরত লঘুচাপের পরিপ্রেক্ষিতে ঘূর্ণিঝড় মোকাবেলায় ক্ষতিগ্রস্তদের মানবিক সহায়তার জন্য নিম্নবর্ণিত ৬ (ছয়) টি জেলায় মোট ১২,০০০ (বার হাজার) প্যাকেট শুকনা ও অন্যান্য খাবার বরাদ্দ প্রদানের জন্য মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর-এর অনুকূলে ছাড় করা হলোঃ

ক্রমিক নং	জেলার নাম	শুকনা ও অন্যান্য খাবার বরাদ্দের পরিমাণ (প্যাকেট/বস্তা)
১	সাতক্ষীরা	২,০০০ (দুই হাজার)
২	খুলনা	২,০০০ (দুই হাজার)
৩	বাগেরহাট	২,০০০ (দুই হাজার)
৪	পটুয়াখালী	২,০০০ (দুই হাজার)
৫	বরগুনা	২,০০০ (দুই হাজার)
৬	ভোলা	২,০০০ (দুই হাজার)
	মোট =	১২,০০০ (বার হাজার)



২৩-১০-২০২০

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল: controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩০৯/১(১৬৬)

তারিখ: ৭ কার্তিক ১৪২৭

২৩ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)

৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৯) জেলা প্রশাসক (সকল)

১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)



২৩-১০-২০২০

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা